

নং-৪৫.১৫০.০২৭.০২.০০.০৫৮.২০১০-৬০৪

তারিখঃ

২০.০৭.২০১১

আদেশ

যেহেতু ডাঃ সাহিদী মঞ্জুর মোর্শেদা (৩৯০১৭), প্রাক্তন মেডিকেল অফিসার, প্রেষণে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা কানাডাতে Softcom Technology Inc Canada-তে লিয়েনে চাকুরী করার নিমিত্ত ০৪.০২.২০০৩ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন ও লিয়েনের মেয়াদ ০৪.০১.২০০৮ পর্যন্ত বর্ধিত হলেও তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি ;

যেহেতু, গত ০৩.০২.২০০৮ তারিখে কর্মস্থলে তাঁর অনুপস্থিতির মেয়াদ ০৫ বছর পূর্ণ হয়েছে ;

যেহেতু, সরকারী চাকুরীতে অনুপস্থিতকাল ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরী আপনা আপনি অবসান ঘটেছে ;

যেহেতু, তাঁর চাকুরীর অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি ;


যেহেতু, তাঁর চাকুরীর অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন ;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ সাহিদী মঞ্জুর মোর্শেদা (৩৯০১৭), প্রেষণে মেডিকেল অফিসার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা এর চাকুরীর অবসান (Ceased) করা হলো।

ডাঃ সাহিদী মঞ্জুর মোর্শেদা (৩৯০১৭), প্রাক্তন মেডিকেল অফিসার, প্রেষণে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৪.০২.২০০৮ তারিখ হতে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মুহম্মদ হুমায়ুন কবির)  
সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০২.০০.০৫৮.২০১০-

০৪.১৪১৮

তারিখঃ

২০.০৭.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৪ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৭। ডাঃ সাহিদী মঞ্জুর মোর্শেদা (৩৯০১৭), প্রাক্তন মেডিকেল অফিসার, প্রেষণে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা

(মোঃ সাহিদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৭২২৫২

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)